

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭৪৫

আগরতলা, ০৩ নভেম্বর, ২০১৮

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে
আরক্ষা দপ্তরের দান

রাজ্য আরক্ষা প্রশাসনের পক্ষ থেকে আজ মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ২ লক্ষ ৬০ হাজার ১০০ টাকা দান করা হয়। রাজ্য পুলিশের মহানির্দেশক অখিল কুমার শুক্লা আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রীর অফিসকক্ষে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের হাতে এই চেক তুলে দেন। চেক গ্রহণ করে মুখ্যমন্ত্রী শ্রীদেব আরক্ষা প্রশাসনের এই উদ্যোগকে সাধুবাদ জানান। চেক প্রদান অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে পুলিশের অতিরিক্ত মহানির্দেশক রাজীব সিং, ডি জি পি (ক্রাইম) ভি এস যাদব, পশ্চিম জেলার পুলিশ সুপার অজিত প্রতাপ সিং, এ আই জি পি আর স্বরস্বতী, এস পি (সিকিউরিটি) শংকর দেবনাথ উপস্থিত ছিলেন। চেক প্রদান অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী শ্রীদেব আরক্ষা প্রশাসনের কাজকর্মের বিষয়ে তাদের সাথে মতবিনিময় করেন।
